দামুড়হুদায় নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান

দামুড়হুদায় রামনগর- কলাবাড়ী মাধ্যমিক বিদ্যালয় চত্বরে শিক্ষা- শান্তি- প্রগতি এই স্লোগানকে সামনে রেখে বিদ্যালয় কর্তৃপক্ষের আয়োজনে রবিবার সকাল ১০ টায় ছাত্র-ছাত্রীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু।

এসময় তিনি বলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল সোনার বাংলা গড়ার সেই স্বপ্নকে বাস্তবায়ন করতে, তারই সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ করে, আগামীর স্মার্ট বাংলাদেশের স্বপ্ন দেখছি, আমরা যখন লেখাপড়া করেছি তখন আমরা এত সুন্দর বই পাইনি, লেখাপড়ার উপকরণ এত সহজলভ্য ছিল না, আওয়ামী লীগ সরকার পহেলা জানুয়ারি ২০২৩ অর্থবছরে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে ছাত্র-ছাত্রীদের মাঝে প্রায় ৩৪ কোটি বই বিতরণ করেছে, যাহা ইতিহাসের পাতায় দৃষ্টান্ত স্থাপন করেছে। এখন ছেলেদের চেয়ে মেয়েরা লেখাপড়ায় বেশ এগিয়ে প্রায় সরকারি দপ্তরের বড় বড় অফিসার এখন মেয়েরা। সুতরাং সকল অবিভাবকদের দায়িত্ব হবে ছেলে মেয়েদের বাল্য বিবাহ না দিয়ে লেখাপড়ায় মনোনিবেশ করানো।

অত্র বিদ্যালয়ের সভাপতি ও জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেনের সভাপতিত্বে এ সময়ে উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট রেজাউল হক, ৭নং নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জালাল উদ্দিনসহ অত্র বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা এবং ছাত্র ছাত্রী বৃন্দ।

দামুড়হুদায় মেহেরপুর প্রতিদিন পত্রিকার ৬ষ্ঠ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

দামুড়হুদায় জনগণের মুখপত্র মেহেরপুর প্রতিদিন পত্রিকার ৬ষ্ঠ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে। গতকাল শনিবার রাত সাড়ে ৮টার দিকে মেহেরপুর প্রতিদিন প্রত্রিকা’র দামুড়হুদা অফিসের আয়োজনে দামুড়হুদা বাসট্যান্ড সংলগ্ন উপজেলা রোডে হেঁশেল ঘর ক্যাফে এন্ড রেস্টুরেন্টে ৬ পাউন্ডের কেককেটে পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।

মেহেরপুর প্রতিদিন পত্রিকা’র দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা’র সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন। দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, মেহেরপুর প্রতিদিন পত্রিকা’র দর্শনা থানা প্রতিনিধি আহসান হাবীব মামুন, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকা’র দর্শনা প্রতিনিধি চঞ্চল মাহমুদ।

মেহেরপুর প্রতিদিন পত্রিকা’র চুয়াডাঙ্গা প্রতিনিধি আল মুতাকাব্বির সাকিবের সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা প্রতিনিধি সালাউদ্দীন। হাউলী প্রতিনিধি আনারুল ইসলাম, দামুড়হুদা সদর ইউপি সদস্য হাসান আলী, নুরুল ইসলাম। দামুড়হুদা উপজেলা প্রশাসনের কার্যালয়ের অ: স: জহুরুল হক। জয়রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অ:স: বোরহান উদ্দিন, সাংবাদিক মিরাজ রায়হান, দামুড়হুদা মডেল থানার স্টাফ রাকিবুল, শাহাজাহান গণি, শহিদুল ইসলাম, প্রত্রিকা বিক্রয় প্রতিনিধি শহীদ আজম সদু।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমাম হাফেজ মাওলানা মুফতি মামুন হোসেন।

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে নবীন বরণ অনুষ্ঠান

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে নবীন বরণ ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়েছে। চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজি আলী আজগার টগর এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন।

এ উপলক্ষে মঙ্গলবার বেলা ১১ টার দিকে কলেজ প্রাঙ্গনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন এমপি আলী আজগার টগর।

তিনি কলেজ শুরু থেকে এ পর্যন্ত সার্বিক চিত্র তুলে ধরে বলেন, এই কলেজে কিছুই ছিলনা। আজকে আপনারা যে বিল্ডিং দেখছেন তা ২০০৮ সালে আওয়ামী লীগ রাষ্ট্রীয় ক্ষমতায় আসার পর করা হয়েছে। অনার্স কোর্স চালু করা হয়েছে। তিনি তার শিক্ষা জীবনের স্মৃতিচারণ করে বলেন, আমরা যখন স্কুলে পড়েছি তখন স্কুলে বেঞ্চ পর্যন্ত ছিলনা। বাঁশের কাবারী দিয়ে ঘিরে ক্লাসরুম করা হয়েছে। আজ সবই আছে। এখন তোমাদেন একমাত্র কাজ মন দিয়ে লেখা পড়া করা। অন্যথায় প্রতিযোগিতায় টিকে থাকতে পারবেনা। তোমাদের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। গুরুজনদের শ্রদ্ধা করতে হবে। তোমাদের কাছে পরিবারের অনেক প্রত্যাশা। সুশিক্ষায় শিক্ষিত হয়ে তোমরাই স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবে।

প্রভাষক মিল্টন কুমার সাহা ও মরিয়ম মারুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, কলেজ গভর্নিং বডির সভাপতি দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম। উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ জিন্নাত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস

চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কলেজ গভর্নিং বডির সদস্য আবু সাইদ খোকন, গভর্নিং বডির সদস্য ইসমাইল হোসেন, ফারুক হোসেন, নিশান তরফদার । সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারী অধ্যাপক মাওলানা রফিকুল ইসলাম, রবিউল ইসলাম, আনিছুজ্জামান মল্লিক, জহির উদ্দিন, প্রভাষক শরীফুল ইসলাম মিঠু, ক্রীড়া শিক্ষক বশীর আহমেদসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সাথে উপজেলা চেয়ারম্যানের শুভেচ্ছা ও মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সাথে শুভেচ্ছা বিনিময় ও মতবিনিময় করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। গতকাল সোমবার বেলা ১২টার সময় উপজেলা প্রেসক্লাবের আয়োজনে উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে শুভেচ্ছা বিনিময় ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপজেলা চেয়ারম্যান উপস্থিত সকলকে মিষ্টি মুখ করান, এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু।

দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবীব, যুগ্ম সম্পাদক শেখ হাতেম, সহযুগ্ম সম্পাদক শিমুল রেজা, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ-সাংগঠনিক সম্পাদক রাজু আহাম্মেদ সনজু, কোষাধ্যক্ষ আসহাবুল আলম, দপ্তর সম্পাদক রবিউল ইসলাম বাবু, ক্রীড়া সম্পাদক চঞ্চল, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমান, ধর্ম বিষয়ক সম্পাদক হেলাল

উদ্দিন, সমাজ কল্যান বিষয়ক সম্পাদক আনারুল ইসলাম, দুর্যোগ ও ত্রাণ বিষয়ক সম্পাদক জাহাঙ্গীর আলম মানিক, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক গোলাম মোর্তুজা মিন্টু, সদস্য মিরাজ রায়হান প্রমূখ।

মতবিনিময় কালে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন আপনারা নির্ভয়ে সত্য লিখবেন। আপনাদের বস্তুনিষ্ঠ সংবাদের মাধ্যমে সমাজ উপকৃত হবে। ইতিমধ্যে উপজেলা প্রেসক্লাব সুনামের সাথে কাজ করে যাচ্ছে। এই ধারাবাহিকতা ধরে রাখতে হবে। সাংবাদিকদের মাধ্যমেই উপজেলার সম্ভাবনা তুলে ধরতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়তে সাংবাদিকদের ভূমিকা অপরিহার্য।

দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে ১১ দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

‘মানসম্মত প্রাথমিক শিক্ষা-স্মার্ট বাংলাদেশ গড়ার দীক্ষা’ এই শ্লোগানকে সামনে রেখে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের দ্বিতীয় দিনে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন কোমরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামাল হোসেন। গীতা পাঠ করেন দশমী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রী নারায়ণ চন্দ্র পাল। পাওয়ার পয়েন্টের মাধ্যমে এক নজরে উপজেলার প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র তুলে ধরেন উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম।

সভায় বিশেষ অতিথি ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান। উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান হযরত আলী, আব্দুল করিম, কামাল হোসেন, শফিকুল ইসলাম, ইয়ামিন আলী, নিজাম উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, ইফার উপজেলা সুপার ভাইজার মারিয়া মাহবুবা, আইন উদ্দিন মেম্বার, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুসহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগন। মতামত তুলে ধরে বক্তব্য রাখেন দর্শনা পূর্ব রামনগর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুন অর রশিদ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ হাতে নিয়েছেন। একসাথে ২৬ হাজার শিক্ষককে জাতীয়করণ করেছেন। শিক্ষকরা বর্তমানে সর্বনিম্ন ২২ হাজার এবং সর্বোচ্চ ৪৬ হাজার টাকা বেতন পাচ্ছেন। স্মার্ট বাংলাদেশ গড়তে আগে শিক্ষকদের স্মার্ট হতে হবে।

দামুড়হুদার ফুলবাড়ী সীমান্তে মোটরসাইকেলের ট্যাংকি থেকে রুপার গহনা জব্দ

দামুড়হুদা উপজেলার ছয়ঘরিয়া গ্রাম এলাকা থেকে ৪.৫৩৩ কেজি (৩৮৮ ভরি) ওজনের ভারতীয় রুপার গহনা পরিত্যাক্ত অবস্থায় জব্দ করেছে বিজিবি। সোমবার সকালে সীমান্তের দুই কিলোমিটার অভ্যান্তর থেকে মোটরসাইকেলসহ গহনা জব্দ করা হয়।

বিজিবি জানায়,জেলার দামুড়হুদা উপজেলার ছয়ঘড়িয়া গ্রামের মধ্যে দিয়ে ভারতীয় রুপা পাচার করা হবে। এমন তথ্যর ভিত্তিত্বে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/৪-আর থেকে ২ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে ছয়ঘরিয়া

গ্রামের মেইন রাস্তার পূর্ব পার্শে অবস্থান করে।

এসময় সকাল ৬টার দিকে দর্শনা অভিমুখে মোটরসাইকেলযোগে ২জনকে যেতে দেখলে বিজিবি তাদের গতিরোধ করার চেষ্টা করলে তারা মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়। পরে মোটরসাইকেল তল্লাশী করে তেলের ট্যাংকির ভিতর অভিনব কায়দায় লুকিয়ে রাখা ৪.৫৩৩ কেজি (৩৮৮ ভরি) ওজনের ভারতীয় তৈরী রুপার গহনা জব্দ করা হয়।

নায়েব সুবেদার মোঃ ফারুক হোসেন বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছে। ভারতীয় রুপার গহনাগুলো চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা দেওয়া হয়েছে।

দামুড়হুদায় আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে রবিবার সকাল সাড়ে ৯ টার দিকে কলেজ প্রাঙ্গনে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু। তিনি বেলুন উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী ও দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ।

উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, প্রচার ও প্রকাশনা সম্পাদক মশিউর রহমান, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন, শাহরিয়ার কবির, উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম, কলেজ গভর্নিং বডির সদস্য আশাবুল হক, বাবুল হোসেন নিশান তরফদার, শরীফুল আলম শরীফ, টুটুল শাহ।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন দ্বাদশ শ্রেণির ছাত্র হাফিজুর রহমান। শপথ পাঠ করান সাখাওয়াত হোসেন। মশাল হাতে মাঠ প্রদক্ষিন করেন একাদশ শ্রেণির শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস ও শারমিন খাতুন। খেলা পরিচালনা করেন ক্রীড়া শিক্ষক বশীর আহমেদ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রভাষক মিল্টন কুমার সাহা ও মরিয়ম মারু।

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিকের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের খলিসাগাড়ি গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিক(৭৫) ইন্তেকাল করেছেন ইন্না লিল্লাহি ওয়া ইন্না এলাহী রাজিউন।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৫ টার দিকে বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে চুয়াডাঙ্গা সদর হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিক ২ ছেলে ও ২ মেয়ে সহ অনেক গুনাগ্রাহী রেখে গেছেন।

বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিকের ছেলে রবিউল মাষ্টার জানান, আমার বাবা দীর্ঘ দিন ধরে বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে ঘরে ছিলেন। কিন্তু গতকাল বৃহস্পতিবার দুপুর থেকে বুকের ব্যথা বাড়তে থাকায়

সন্ধ্যা ৭ টার দিকে চুয়াডাঙ্গা সদর হসপিটালে ভর্তি করা হয়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসা প্রদান করলেও শরীরের উন্নতি দেখা দিচ্ছিলনা, পরবর্তীতে সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন । বাবাকে হারিয়ে আমার পরিবার ও অত্র এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

শুক্রবার সকাল ৯টার দিকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে গার্ড অব অনার এবং রাষ্ট্রীয় মর্যাদায় দাফন কার্য সম্পন্ন করা হয়।

দামুড়হুদায় বাল্যবিবাহ, কনের পিতাকে দশ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলা সদরে চিৎলা হালদার পাড়ায় বাল্যবিবাহ আয়োজনের দায়ে কিশোরী কনের বাবাকে ১০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে চিৎলা গ্রামে এঘটনা ঘটে।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)’র অফিস সুত্রে জানাগেছে উপজেলার চিৎলা হালদার পাড়ায় শ্রী ভগিরথ হালদারের ১৪ বছর বয়সী কন্যার ঝিনাইদহ জেলার হলুধানির নাটাবাড়িয়ায় গ্রামে বাল্যবিবাহের প্রস্তুতি চলছিল।

ওই সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার নির্দেশনায় দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস মোবাইল কোর্ট পরিচালনা করে বাল্যবিবাহের আয়োজন বন্ধ করে দেন । মেয়ের বাবা শ্রী ভগিরথ হালদারকে ১০ হাজার টাকা জরিমানা করেন। পাশাপাশি আদালত মেয়ের বয়স ১৮ না হওয়া পর্যন্ত বিয়ে দেবেন না এবং ১৮ বছর না হওয়া পর্যন্ত বর ওই কিশোরীকে বিবাহ করবেন না মর্মে নির্দেশনা দেয়া হয়।

২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী এ জরিমানা করা হয়। এসময় তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত

“স্মার্ট বাংলাদেশের প্রত্যয় দুর্যোগ প্রস্তুতি সবসময়” এ প্রতিপাদকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২৩ পালিত হয়েছে।

শুক্রবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দিন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম, প্রভাষক আবু জাফর, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফায়জুল ইসলাম, দামুড়হুদা ফায়ার সার্ভিস স্টেশন অফিসার নাসির উদ্দিনসহ ফায়ার সার্ভিসের সদস্য বৃন্দ, পিআইও অফিসের অ:স: জাকির হোসেন, কার্যসহকারী বিপ্লব হোসেন। অনুষ্ঠানটির সহযোগিতায় ছিলেন দিনার ও রফিকুল ইসলাম প্রমুখ।